# আরও দ্রুত বাস চলাচল




**স্বয়ংক্রিয় ক্যামেরা প্রয়োগ ব্যবস্থা** (ACE) হল একটি কর্মসূচি যা বাস পরিষেবাকে আরও দ্রুত ও নিরাপদ করতে গাড়িচালকদের বাস লেন ও বাস স্টপ ব্লক করা বা বাস-এর সামনে ডবল পার্কিং করা থেকে বিরত রাখতে সাহায্য করে।

**পরিষ্কার বাস লেন ও বাস স্টপ বাস** যাত্রীদের যাত্রাকে দ্রুততর করে, রাস্তাঘাটকে নিরাপদ করে এবং সবার জন্য যান চলাচল স্বাভাবিক রাখে।

**$50 থেকে শুরু করে জরিমানা** বাস লেন ও বাস স্টপের নিয়ম লঙ্ঘনকারী যানবাহনের বিরুদ্ধে জারি করা হবে।

MTA NEW YORK CITY DOT

# জরিমানা এড়ানোর উপায়

## যা করবেন না:

- বাস লেনে গাড়ি চালাবেন না, দাঁড় করাবেন না বা পার্ক করবেন না।
- বাস  স্টপে গাড়ি দাঁড় করাবেন না বা থামাবেন না।
- বাস রুটের পাশে ডবল পার্ক করবেন না।
- বাস স্টপে, বাস লেনে বা বাস রুটে ডবল পার্ক করে যাত্রীদের জন্য অপেক্ষা করবেন না।

## যা করবেন:

- বাস স্টপে, বাস  লেনে বা বাস রুটের পাশে দ্রুত যাত্রী ওঠানামা করান ।
- পরবর্তী ডানদিকে মোড় নেওয়ার জন্য বাস লেনে প্রবেশ করুন।
- বাস লেন, বাস স্টপ এবং পার্কিং সম্পর্কিত প্রদর্শিত নিয়মাবলি ও সাইনবোর্ড অনুসরণ করুন




## ACE কার্যকর হলে


**ACE বাস-এর গতি বৃদ্ধি করে** গড়ে 5%-এর বেশি, এবং কিছু রুটে প্রায় 30% পর্যন্ত দ্রুত চলাচল নিশ্চিত করে।

ACE আমাদের রাস্তাকে আরও নিরাপদ করে তোলে, কারণ এটি সংঘর্ষের ঘটনা 20% পর্যন্ত কমিয়ে দেয়।






## ACE কীভাবে BX35-কে আরও ভালো করেছে




**BX35 রুটে ক্যামেরা প্রয়োগ বাসের গতি 20% পর্যন্ত বাড়িয়েছে।**
181 স্ট্রিটে বাস-ওয়ের সঙ্গে মিলিয়ে এখন বাসগুলি গুলো আগের তুলনায় 40% দ্রুত চলছে।

# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

### আমি কি লঙ্ঘনটিকে চ্যালেঞ্জ করতে পারি?
হ্যাঁ, আপনি যদি মনে করেন যে লঙ্ঘনের নোটিশটি ভুলভাবে জারি করা হয়েছে, তাহলে আপনি তা চ্যালেঞ্জ করার অধিকার রাখেন। শুনানির অনুরোধ করতে আপনার নোটিশে দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন।

### আমি যদি জরিমানা না দিই তাহলে কী হবে?
অপরিশোধিত জরিমানার ফলে অতিরিক্ত ফি আরোপিত হতে পারে এবং এটি আপনার গাড়ি রেজিস্টার করার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে।

### এই ক্যামেরাগুলো কি মানুষের দ্বারা নজরদারি করা হয়?
হ্যাঁ, কোনো নোটিশ জারি করার আগে সিস্টেমগুলোর সঠিকতা পর্যালোচনা করা হয়, এবং প্রতিটি লঙ্ঘনের ঘটনা জারি করার আগে একজন সিটি কর্মচারী তা পর্যালোচনা করেন।

### ক্যামেরা লঙ্ঘন কি আমার ড্রাইভিং রেকর্ড বা ইনস্যুরেন্সে প্রভাব ফেলে?
না, এই লঙ্ঘনগুলো নাগরিক জরিমানা হিসেবে গণ্য হয় এবং আপনার ড্রাইভিং রেকর্ড বা ইনস্যুরেন্সের হারে কোনো প্রভাব ফেলে না।

**বিস্তারিত জানতে ভিজিট করুন**
**mta.info/ace**

NEW YORK CITY DOT